

f (https://www.facebook.com/Barta24news/) t (https://twitter.com/barta24bd)

@ (https://www.instagram.com/barta24official/) a (https://itunes.apple.com/gb/app/barta24/id1440419824)

▶ (https://play.google.com/store/apps/details?id=com.barta24)

English (https://en.barta24.com)

🏠 (https://barta24.com) > ইসলাম (/islam) > বিবিধ (/islam/বিবিধ) > করোনা দুর্যোগে অসহায় মানুষের পাশে বাসমাহ

করোনা দুর্যোগে অসহায় মানুষের পাশে বাসমাহ

০৭:১৩ পিএম | ২৪ জুন, ২০২০ ১০ আষাঢ় ১৪২৭ ২ জ্বিলকদ ১৪৪১
নিউজ ডেস্ক, বার্তা২৪.কম



করোনা দুর্যোগে অসহায় মানুষের পাশে বাসমাহ, ছবি: সংগৃহীত

আ +

আ -

করোনা দুর্যোগে বাসমাহ ইউএসএয়ের (Banladeshi American society of Muslim aid for

বুধবার (২৪ জুন) বাসমাহ ফাউন্ডেশন বাংলাদেশের মিডিয়া ডিরেক্টর মিরাজ রহমান কর্তৃক পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, সংস্থাটি রাজধানী ঢাকার বেশ কিছু গুরুত্বপূর্ণ স্থান এবং সিরাজগঞ্জ, লালমনিরহাট, ময়মনসিংহ, চুয়াডাঙ্গা, নওগাঁ, যশোর, চাঁদপুর, শরীয়তপুর, সিলেট, রংপুর, নারায়ণগঞ্জ, বি-বাড়িয়া, কক্সবাজার, কুষ্টিয়া, টেকনাফ, গোলাপগঞ্জ, পিরোজপুর ও সোনারগাঁও থানার ১১টি ইউনিয়নসহ বাংলাদেশের মোট ৫৩টি স্থানে খাদ্যসামগ্রী বিতরণ করেছে।

ফুড প্যাকেজে চাল, ডাল, সয়াবিন তেল, আলু, পেঁয়াজ, চিনি, আটা, লবন, সাবানসহ নিত্য প্রয়োজনীয় খাবার দেওয়া হয়। এ ছাড়া স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ ঢাকা এবং সারাদেশের বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে করোনাভাইরাস থেকে স্বাস্থ্য সুরক্ষার উপকরণ হিসেবে হাজার হাজার পিপিই, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, গ্লাভস, সাবান, হেডকভার, গাউন এবং গগলস বিতরণ করা হয়েছে।

হাসপাতাল ও নিরাপত্তাকর্মীদেরসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে এ ধরনের আরও হেলথ ইকুইপমেন্ট বিনামূল্যে বিতরণের প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। শুধু বাংলাদেশে নয়, আমেরিকার বিভিন্ন স্থানেও করোনাভাইরাসের আঘাতে বিপন্ন বহু মানুষের মাঝে বিনামূল্যে খাদ্যসামগ্রী ও হেলথ ইকুইপমেন্ট বিতরণ করেছে বাসমাহ।

আমেরিকায় মিশিগান স্টেটে Michigan Muslim Community Council-এর ব্যবস্থাপনায় এক হাজার রমজান ফুড প্যাকসহ নিউ ইয়র্কের সমস্যাগ্রস্তদের মাঝে খাদ্যসামগ্রীও বিতরণ করা হয়েছে। এ ছাড়া ফ্লোরিডা বিভিন্ন মসজিদে বিতরণ করা হয়েছে প্রয়োজনীয় হেলথ ইকুইপমেন্ট। করোনা দুর্যোগে আক্রান্ত দরিদ্র, অসহায় ও গরীব মানুষদের খাদ্য সহযোগিতা প্রদান প্রসঙ্গে বাসমাহ ইউএসএয়ের প্রতিষ্ঠাতা ও সিইও এবং বাসমাহ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা মীর সাখাওয়াত হোসাইন বলেন, ‘মানুষ মানুষের জন্য’ চিরসত্য এ চেতনা ও আদর্শকে ধারণ করে প্রতিষ্ঠার গুরুত্ব থকে বাসমাহ ফাউন্ডেশন শক্তি সামর্থ্যের সবটুকু বিলিয়ে ছোট-বড় দুর্যোগে অসহায় মানুষের পাশে

দাঁড়িয়েছে। করোনা সংকট সুরণকালের কঠিনতম মহামারি। এবারও সংস্থাটি তার দায়িত্ববোধ ও ঐতিহ্যগত ধারাবাহিকতা বজায় রেখে লক্ষাধিক মানুষের হাতে খাবার ও হেলথ ইকুইপমেন্ট পৌঁছে দিয়েছে।

প্রতিষ্ঠার পর থেকে আমেরিকা ও বাংলাদেশের বিভিন্ন দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে অসহায় মানুষের পাশে থেকে মানবতার সেবা করেছে বাসমাহ ইউএসএ ও বাসমাহ ফাউন্ডেশন বাংলাদেশ। রোহিঙ্গা ক্যাম্পে শুরু থেকে বাসমাহর তত্ত্বাবধানে ১৫টির অধিক প্রকল্প সফলভাবে বাস্তবায়িত হয়েছে এবং আরও কিছু পরিকল্পনা বাস্তবায়নাধীন রয়েছে।

👉 বাসমাহ (/tag/বাসমাহ) মীর সাখাওয়াত হোসাইন (/tag/মীর-সাখাওয়াত-হোসাইন) করোনা (/tag/করোনা)

ত্রাণ (/tag/ত্রাণ) সাহায্য (/tag/সাহায্য)

আপনার মতামত লিখুন :

0 Comments

Sort by



Add a comment...

Facebook Comments Plugin

